১। পোলীসের মৃত আমলারদের পরিবার দূরে থাকিলে স্থানবিশেষের মাজিষ্ট্রেট সাহেবকে তাহারদের সম্পত্তির টাকার দ্রাপ কালেক্টর সাহেবের স্থানে লইয়া ঐ মৃত আমলার পরিবারের নিকটে পাঠাইতে বর্ত্তমান মাসের ৮ তারিখে গবর্ণমেণ্ট অনুগ্রহ করিয়া অনুমতি দিয়াছেন। অতএব তোমাকে আদেশ করিতেছি যে তোমার এলাকার মাজিষ্ট্রেট সাহেব তোমার স্থানে যখন দ্রাপ চাহেন্ তখন উক্ত কারণে তোমার খাজানাখানাতে যে টাকা পাঠান্ তাহার দ্রাপ দশ দিন মুদ্দতে ও বিনা

all sums that may be tendered by him at your Treasury on the said account; the date of the Orders of Government granting the privilege being cited in the body of such Drafts.

2. You will also be pleased duly to honor all Drafts that may be drawn upon your Treasury under the operation of those orders.

(Signed) C. Morley,
Accountant-General.

Fort William, 31st July, 1844.

NOTIFICATION.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 23d August, 1844.

LEAVE OF ABSENCE.

Baboo Rajmohun Mitter, Moonsiff of Lubsha, Zillah 24-Pergunnahs, for one month, from the 10th instant.

Munmohun Baboo, Acting Moonsiff of Nowabgunge, in the same Zillah, for 6 days, from the 12th instant.

J. Hawkins, *Register.*

CIVIL APPOINTMENTS.

No. 1331.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY-GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 19th August, 1844.

Mr. Assistant-Surgeon H. M. Elton to officiate as Civil Assistant-Surgeon of Malda, during the absence of Mr. J. Lamb, on Medical Certificate, or until further Orders.

The 27th August, 1844.

Mr. E. Sandys to be an Assistant to the Magistrate and Collector of Tirhoot, and to exercise there the special powers described in Section 21, Regulation VIII. of 1831.

Mr. E. J. C. Richardson to be an Assistant to the Magistrate and Collector of Bhaugulpore, and to exercise there the special powers described in Section 21, Regulation VIII. of 1831.

LEAVE OF ABSENCE.

The 27th August, 1844.

Captain St. G. D. Showers, Superintendent of the Education of the Nuwab Nazim of Moorshedabad, for two months, on Medical Certificate, to visit the Presidency, for the benefit of his health.

NOTIFICATIONS.

The 27th August, 1844.

Mr. C. Tucker, a Judge of the Sudder Dewanny and Nizamut Adawluts, resumed charge of his duties on the 24th instant.

By Order of the Honourable the Deputy-Governor of Bengal,

F. J. Halliday,
Secy. to the Govt. of Bengal.

প্রমিয়ম অর্থাৎ ধরাটে তাঁহাকে দিবা কিন্তু ঐ অনুগ্রহ যে তারিখের হুকুমে করা যায় সেই তারিখ বিশেষ করিয়া ঐ দ্রাপের মধ্যে লিখিতে হইবেক।

২। আরো এই হুকুমানুসারে তোমার খাজানাখানার উপর যে সকল দ্রাপ দেওয়া যায় তুমি রীতিমত তাহার টাকা দিবা।

সি মরলি।
আকৌণ্টেণ্ট জেনরল।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪ সাল ৩১ জুলাই।

John C. Marshman, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৪ সাল ২৩ আগষ্ট।

ছুটী।

জিলা চব্বিশপরগনার লবশার মুনসেফ শ্রীযুত বাবু রাজমোহন মিত্র বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

ঐ জিলার নবাবগঞ্জের একটিং মুনসেফ শ্রীযুত মনমোহন বাবু বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি ছয় দিনের ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৩১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ১৯ আগষ্ট।

চিকিৎসকের সর্টিফিকটক্রমে শ্রীযুত জে লাম সাহেবের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ এম এল্টন সাহেব মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৪ সাল ২৭ আগষ্ট।

শ্রীযুত ই সাণ্ডিস সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৪ সাল ২৭ আগষ্ট।

মুরশিদাবাদের শ্রীযুক্ত নওয়াব নাজিমের শিক্ষকতা কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান সেণ্ট জি ডি সৌয়র্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে স্বীয় স্বাস্থ্যার্থ রাজধানীতে গমন করিবার নিমিত্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৭ আগষ্ট।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের এক জন জজ শ্রীযুত সি টকর সাহেব বর্ত্তমান মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এচ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

SALT. নিমক।

বাকীজাত নমক সন ১৮৪৪ সাল তারিখ ৩১ জুলাই।

হিজলী।

ঘাট দক্ষিণ কালীনগর	১২৪৮ সাল	৬,৮২৫,৭৩ ॥০ মোন
ঐ ঐ	১২৪৯	৫,২৮,২৮৮/
গাছা	,, ...	৬,১২৮/
পাঙ্গা	১২৫০	৫,৫২,৮৩৬/
উত্তর কালীনগর	১২৪৭	৪,৭৪০/
তেরোপাইকা	১২৪৮	২,৩৪১/
ঐ	১২৪৯	২,৩৪,২৫৫/
গাছা	,, ...	২,০৫৭/
পাঙ্গা	১২৫০	৩,৫৩,৪১৭/
কৃষ্ণনগর	১২৪৮	২,২৮৫/
ঐ	১২৪৯	৩,০৬,৩১২/
গাছা	,, ...	৩,০২৬/
পাঙ্গা	১২৫০	২,২৮,৬৮৫/
রামনগর	১২৪৯	১,৪৪,৫৭২/
গাছা	,, ...	২,০৬৮ ॥০
পাঙ্গা	১২৫০	২,৪৩,৫৩৬/

তমলুক।

নারায়ণপুর	১২৪৯	২,৭৪,২৫৮/
ঐ	১২৫০	৫,৬২,০২৩/
ক্রোকী নমক	,, ...	২২/১/০

২৪ পরগনা।

নারায়ণপুর বাহিরবুনী	১২৪৯	২,২৫৭/
ঐ ঐ	১২৫০	১,৪৬,১২৮/
ঐ তফাল	১২৪৮	২,৬৫২॥০
ঐ ঐ	১২৪৯	২৪,৮২১৸০
ঐ ঐ	১২৫০	১,৪০০২৭ ॥০
বৈওতা	১২৪৮	১৫২ ॥০
ঐ	১২৪৯	১,২৭৭/৪
ঐ	১২৫০	২,৪৪১/
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের নারায়ণপুর ১ পহিলা রকম	১২৪৯	২,৭৫৮/
ঐ ঐ	১২৫০	৮,৭০৫/
ঐ ... ২ দোসরা রকম ...	১২৪৪	২ ৷৷
ঐ ঐ	১২৫০	৩,৮৬২/
বালিয়াঘাটা	,, ...	৪,০২৩/
ডাইমণ্ড হারবর	১২৪৯	৯,১১/
ঐ	১২৫০	৪৮,৬৮৮/
বাগুণ্ডী	১২৪৯	৩,৫৪/
ঐ	১২৫০	৪,০৩০৭/

চট্টগ্রাম।

সদর ঘাট	১২৫০	৭২,২৪৩৯ ॥৫॥
আরাকেন পাঙ্গা	১৮৪৩।৪৪	৭,০৫৪৸৫
ক্রোকী ঐ	১৮৪৪	৩৮৸৭ ॥
নেজামপুর ডোমখালি	১২৪৯	৫৩৸২
ঐ ঐ	১২৫০	২৫,৩১৪৭৸০

শাহিখা।

মান্দ্রাজ পরমিট	১৮৪২।৪৩	৩,৫৫,৪২৮ ॥৯
ঐ	১৮৪৩।৪৪	২,৩১,৪০৩ ॥৯
ঐ	১৮৪৪।৪৫	৩,৭৭৮৫/
গুঁড়াসৈন্ধব ময়লা	১৮৪০।৪১	১৬৮/
ক্রোকী কুরকচ	১৮৪৪।৪৫	২।৬
ঐ সৈন্ধব	১৮৪৪।৪৫	৫।৯
কটক পাঙ্গা	১২৪৯	৭০,৪০৪ ॥৮
ঐ	১২৫০	৩৪,৬০৮/

[*Government Gazette, 3d September*, 1844.]

খোরদা পাঙ্গা	...	...	১২৪৮	...	...	৪,৮৮,৩৭৸৫
ঐ	...	...	১২৪৯	...	...	২,১২,২২২ ॥০
বালেশ্বর পাঙ্গা	...	..	১২৪৮	...	...	৪,১৫,১৫ ॥০
ঐ	...	...	১২৪৯	...	...	২,৬৯,১৬৫ ॥৭
ঐ	...	...	১২৫০	...	...	১,০৯,১৫৮ ॥০
জ্রোকী পাঙ্গা	...	...	১৮৪৪। ৪৫	...	...	৸৯।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪৪ সাল তারিখ ২২ আগষ্ট।

এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা ঢাকা জালালপুর এই যে।

১৮৪১ সনের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধিঅনুসারেও গবর্ণমেণ্ট গেজেটের ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশমতে ১২৫১ সনের কিস্তি আষাঢ় ও শ্রাবণ ও ভাদ্রের বাকী খাজানা যে সকল মহালাতের আদায় না হয় ঐ সকল মহালাত ১৮৪৪ সনের ২৮ সেপ্টেম্বর মোং ১২৫১ সনের ১৪ আশ্বিন এই জিলার কালেক্টরী কাছারীতে বিক্রি হইবেক উক্ত মহালাতের মা লগুজারদারানদিগের উচিত যে আপন২ জিম্মার বাকী খাজানা ২৭ সেপ্টেম্বর সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকী টাকা না লইয়া বাকীর মহালাত নীলাম করা যাইবেক ও খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না আর যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয়া খরিদ করে ইতি তারিখ ৬ আগষ্ট সন ১৮৪৪ ইং মোং সন ১২৫১ বাং তারিখ ২৩ শ্রাবণ

Dacca Collectorate, 6th August, 1844. R. E. CUNLIFFE, *Collector*.

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the Twenty-sixth day of August instant, the Schedule of JOHN CURRIE, who was formerly of the Strand Road, in the Town of Calcutta, carried on Trade and Business in Calcutta, as a Ship Chandler and Marine Storekeeper in Copartnership together with one John Gordon Stuart, under the Style and Firm of Stuart, Currie and Company, and at present residing in Goomghur, in the Town of Calcutta, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the eighth day of May last, on the application of Sumboochunder Dutt, a Creditor of the said John Currie, has been filed in this Court, and that the matters of the said Schedule and application are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of October next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said JOHN CURRIE, appear in a Schedule filed in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

W. D. SHAW,
Attorney for the said Insolvent.

Calcutta, 26th August, 1844.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of HIMMUTRAM, late of Toolah Bazar, in the Town of

শহর কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বে ষ্টুয়ার্ট করি কোম্পানির নামে জান গর্ডন ষ্টুয়ার্ট নামক এক জন সাহেবের যৌতায় কলিকাতা নগরের নদীর নিকট রাস্তার ধারে জাহাজের মোমবাতি প্রস্তুতকরণিয়া এবং জাহাজ সম্পর্কীয় অন্যান্য বিষয় যোগাওনের কর্ম্মকারি কিন্তু এক্ষণে কলিকাতা নগরের গুমঘরনিবাসি

জান করি সাহেব

সম্ভুচন্দ্র দত্ত নামে তাঁহার এক জন মহাজনের দরখাস্তক্রমে গত মে মাসের ৮ তারিখে এই আদালতের দ্বারা যোত্রহীন প্রকাশ হইয়াছেন। তাহাতে বর্ত্তমান আগষ্ট মাসের ২৬ তারিখে এই আদালতের হুকুমক্রমে তাহার তফসীল এই আদালতে দাখিল করা গিয়াছে এবং উক্ত তফসীল ও দরখাস্তের দেওয়া আগামি অক্টোবর মাসের ৫ তারিখ শনিবারে বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত জান করি সাহেবের মহাজনেরদের নামের তফসীল উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল করা গিয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ডবলিউ ডি শা।
উক্ত যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৪ সাল ২৬ আগষ্ট।

সকলকে খবর দেওয়া যাইতেছে যে ঐ আদালতের হুকুমানুসারে কলিকাতার তুলাবাজার সাকিনের

হিমতরাম

তিনি পূর্ব্বে কাপড়ওয়ালা ছিলেন এক্ষণে শহর কলি-

Numb. 221. ২২১)

(৩৮৯)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 10, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ১০ সেপ্টেম্বর।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM.
HOME DEPARTMENT.
LEGISLATIVE.
THE 24TH AUGUST, 1844.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 24th of August 1844.

An Act to amend Act No. XII. of 1841, *entitled "An Act for amending the "Bengal Code in regard to "Sales of Land for Arrears "of Revenue.*

[N. B. Alterations and additions are printed in Italics.]

Whereas, it is found expedient to amend the existing law for the realization of the Land Revenue.

It is hereby enacted, that from the day of 18 *, the third and following Sections of Act No. XII. of* 1841, *are repealed.*

II. And it is hereby enacted, that if the whole or a portion of a kist or instalment of any month of the era according to which the settlement and kistbundee of any Mehal have been regulated, be unpaid on the first of the following month of such era, the sum so remaining unpaid shall be considered an arrear of Revenue.

[The same as Section V. of the present Act.]

III. And it is hereby enacted, that upon the promulgation of this Act, the Sudder Board of Revenue at Calcutta shall determine upon what dates all arrears of Revenue and all demands, which by the Regulations and Acts in force are directed to be realized in the same manner as arrears of Revenue, shall be paid up in each District in the Provinces under their jurisdiction, in default of which payment the Estates in arrear in those Districts, except as hereinafter provided, shall absolutely be

[*Government Gazette*, 10*th September*, 1844.]

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৪ সাল ২৪ আগষ্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৪ সালের ২৪ আগষ্ট তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

মালগুজারীর বাকী আদায়ের নিমিত্ত ভূমি নীলামের বিষয়ি বাঙ্গলা দেশের চলিত আইন শুধরিবার আইন এই নামে বিখ্যাত ১৮৪১ সালের ১২ আইন সংশোধনের আইন।

যেহেতুক ভূমির মালগুজারী আদায় করিবার নিমিত্ত এক্ষণে যে আইন চলন আছে তাহা সংশোধন করিতে উচিত বোধ হইয়াছে

অতএব ইহাতে হুকুম হইল যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি ১৮৪১ সালের ১২ আইনের ৩ ধারা এবং তৎপরের লিখিত ধারাসকল রদ হয় ইতি।

[চলিত আইনের ৫ ধারার সমান।]

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যেপ্রকার সনে কোন মহালের বন্দোবস্ত ও কিস্তীবন্দী হইয়াছিল সেই সনের কোন মাসের সমুদয় কিস্তী অথবা কিস্তীর কতক অংশ সেই সনের তৎপর মাসের প্রথম তারিখে যদি না দেওয়া যায় তবে ঐ না দেওয়া টাকা রাজস্বের বাকী জ্ঞান হইবেক ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর সমস্ত বাকী মালগুজারী এবং যে সকল দাওয়া চলিত আইনানুসারে বাকী মালগুজারীর মত আদায় করিতে হুকুম আছে সেই২ দাওয়া সদর বোর্ডের সাহেবেরদের তাবে সুবেজাতের প্রত্যেক জিলার মধ্যে যে তারিখে দাখিল করিতে হইবেক সেই২ তারিখ কলিকাতার সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা নিরূপণ করিবেন। এবং ঐ টাকা না দেওয়া গেলে পশ্চাৎ লিখিত বর্জিত বিষয়ছাড়া ঐ২ জিলায় বাকীপড়া জমীদারী যে ব্যক্তিঅধিক ডাকিবেক তাহাকে নিশ্চয় নীলামের

sold at Public Auction, to the highest bidder. And the said Board shall give notice of the dates so fixed in the official Gazettes, and shall direct corresponding publication to be made as far as regards each District, in the language of that District, in the office of the Collector or Deputy Collector, or other Officer duly authorized to hold sales under this Act, in the Courts of the Judge, Magistrate, (or Joint Magistrate, as the case may be,) Principal Sudder Ameens, Sudder Ameens, and Moonsiffs, and at every Thannah Station of that District; and the dates so fixed shall not be changed except by the said Board by advertisement and notifications, in the manner above described, to be issued at least three months before the close of the official year preceding that in which the new date is, or dates are, to take effect.

IV. Provided always, and it is hereby enacted, that no Estates shall be sold for the recovery of arrears or demands, other than those of current revenue due from the Estate itself, such Estate being a permanently settled Estate and not under attachment by order of any Judicial authority, otherwise than after a notification in the language of the District, specifying the nature and amount of the arrear or demand, and the latest date on which payment thereof shall be received, shall have been affixed for a period of not less than fifteen clear days preceding the date fixed for payment, in the office of the Collector or other Officer duly authorized to hold sales under this Act, in the Court of the Judge within whose jurisdiction the land advertized lies, in the Courts of the Principal Sudder Ameens, and Sudder Ameens of the District, and in the Moonsiff's Court and Police Thannah of the Division in which the Estate to which the notice relates, or a part of it, is situated, the same to be certified by the receipt of the Officer at whose office such publication may have been made; and also at the Cutcherry of the Malgoozar of the Estate, or at some conspicuous place upon the Estate, the same to be certified by the Peon or other person employed for the purpose.

(N. B. This Section provides for the different kinds of arrears mentioned in Section VIII. of the present Act.)

V. And it is hereby enacted, that no payment on account of arrears or demands of which the latest date of payment shall have been fixed in the manner prescribed in Section III. or IV., or both, shall be received after sunset of the date so fixed. And the Collector or other Officer duly authorised to hold sales under this Act shall, as soon as possible after the said date, issue notifications in the language of the District, to be affixed in his own office and in the Court of the Judge of the District, and to be published in the official Gazettes, specifying the Estate or Estates which will be absolutely sold as aforesaid, and the day on which the sale of the same will commence, which day shall not be less

দ্বারা বিক্রয় করা যাইবেক। এবং বোর্ডের সাহেবেরা সরকারী নানা গেজেটে আপনারদের এইরূপে নিরূপিত তারিখের সম্বাদ দিবেন এবং প্রত্যেক জিলার কালেক্টর সাহেব অথবা ডেপুটী কালেক্টর সাহেব অথবা অন্য যে কার্য্যকারক এই আইনের নিরূপিত নীলাম করিতে ক্ষমতাপন্ন আছেন তাঁহার কাছারীতে এবং জজ ও মাজিষ্ট্রেট অথবা জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে এবং প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফের কাছারীতে এবং ঐ জিলার প্রত্যেক থানায় ঐ বোর্ডের সাহেবেরা সেই তারিখের সম্বাদ ঘোষণা করিতে হুকুম দিবেন এবং যেং তারিখ উক্তরূপে নিরূপণ হয় সেইং তারিখ উক্ত বোর্ডের সাহেবেরা উক্ত প্রকারে ইশ্তিহার ও এত্তেলা দেওনের দ্বারা পরিবর্ত্ত না করিলে তাহার পরিবর্ত্ত হইবেক না এবং যে বৎসরে ঐ নূতন তারিখ বা তারিখসকল চলন হইবেক তাহার পূর্ব্ব সরকারী বৎসরের তিন মাস থাকিতে ঐ ইশ্তিহার ও এত্তেলানামা জারী করিতে হইবেক ইতি।

৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে যে জমীদারীর ইস্তমরারী বন্দোবস্ত হইয়াছে এবং কোন আদালতের কার্য্যকারকের হুকুমক্রমে ক্রোক হয় নাই এমত জমীদারীর চলন কিস্তীর বাকী মালগুজারী ছাড়া অন্য প্রকার বাকী বা দাওয়া আদায় করণার্থ জমীদারী নীলাম করিতে হইলে এইরূপে কার্য্য করিতে হইবেক বিশেষতঃ সেই জিলার চলিত ভাষাতে এক এত্তেলানামা ঘোষণা করিতে হইবেক এবং ঐ এত্তেলানামাতে ঐ বাকী টাকা অথবা দাওয়ার প্রকার এবং সংখ্যা এবং যে শেষ তারিখে তাহা দেওয়া যাইবেক তাহা লেখা থাকিবেক এবং টাকা দেওনের নিরূপিত তারিখের পূর্ব্বে অন্যূন সম্পূর্ণ পনেরো দিবস ঐ এত্তেলানামা কালেক্টর সাহেবের অথবা এই আইনক্রমে নীলামকরণের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের কাছারীতে এবং ইশ্তিহারহওয়া ভূমি যে জজ সাহেবের এলাকার মধ্যে থাকে সেই জজ সাহেবের কাছারীতে এবং সেই জিলার প্রধান সদর আমীন ও সদর আমীনের কাছারীতে এবং যে ভাগে এত্তেলাসম্পর্কীয় জমীদারী কিম্বা তাহার কোন অংশ থাকে সেই ভাগের মুনসেফের কাছারীতে ও পোলীসের থানায় এত্তেলানামা লট্‌কাইতে হইবেক এবং যে কার্য্যকারকের কর্ম্মস্থানে ঐ এত্তেলা ঘোষণা করা যায় তিনি ঐ এত্তেলানামা পাওনের এক সর্টিফিকট দিবেন এবং আরো ঐ এত্তেলানামা ঐ জমীদারীর মালগুজারের কাছারীতে অথবা ঐ জমীদারীর মধ্যে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কান যাইবেক এবং যে পেয়াদা অথবা অন্য যে ব্যক্তি সেই কর্ম্মে নিযুক্ত হয় সেই ব্যক্তি তাহার বিষয়ের এক সর্টিফিকট দিবেক ইতি।

(মন্তব্য। উক্ত ধারার মধ্যে চলিত আইনের ৮ ধারায় যে নানা প্রকার বকেয়া লেখে তাহার বিষয়ে হুকুম হইল।)

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে বাকী টাকা অথবা দাওয়ার টাকা দিবার শেষ তারিখ ৩ অথবা ৪ ধারার অথবা উভয় ধারার লিখিতমতে নিরূপণ হইয়া থাকে সেই প্রকার বাকী অথবা দাওয়ার নিমিত্ত কোন টাকা ঐ নিরূপিত দিবস সূর্য্যাস্তের পর লওয়া যাইবেক না। এবং কালেক্টর সাহেব অথবা অন্য যে কার্য্যকারক এই আইনানুসারে নীলাম করিতে রীতিমত ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তিনি উক্ত তারিখের পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সেই জিলার চলন ভাষায় এত্তেলানামা প্রকাশ করিবেন এবং তাহা আপনার কাছারীতে এবং জিলার জজ সাহেবের কাছারীতে লট্‌কাইবেন এবং ঐ এত্তেলানামা সরকারী গেজেটে প্রকাশ করাইবেন। ঐ এত্তেলানামার মধ্যে যে জমীদারী বা জমীদারীসকল পূর্ব্বোক্তমতে নিশ্চয় নীলাম হইবেক তাহা এবং যে দিবসে ঐ নীলাম আরম্ভ হইবেক তাহা লেখা থাকিবেক

than fifteen or more than thirty clear days from the date of affixing the notification in the office of the Collector or other Officer as aforesaid. And all Estates, except as hereinafter provided, on account of which at sunset of the latest date of payment, an arrear or demand as aforesaid may be due, shall on the day notified for absolute sale, or on the day or days following, as hereinafter provided, be put up to public Auction by and in the presence of the Collector or other Officer as aforesaid, and shall be sold to the highest bidder. And no payment, or tender of payment, made subsequent to sunset of the said latest date of payment, shall bar or interfere with the sale, either at the time of sale or after its conclusion.

[See Section VI. of the present Act.]

VI. And it is hereby enacted, that whenever an Estate *is notified for absolute sale as provided by Section V. of this Act*, the Collector or other Officer as aforesaid shall affix a proclamation in the language of the District, in his *own office*, and as soon thereafter as may be in the *Moonsiff's Courts and Police Thannahs within which the Estate, or any part of it is situated*, and also at the Cutcherry of the Malgoozar of *the* Estate, or at some conspicuous place upon *the* Estate, forbidding the ryots and undertenants *to pay rent to the defaulting Proprietor or Proprietors from the date of the day after that fixed for the last day of payment notification*, on pain of not being entitled to credit in their accounts with the purchaser for any sums paid *after the date* aforesaid.

The same as Section XVII. of the present Act.

VII. And it is hereby enacted, that in Districts not permanently settled and in the Province of Benares, no sale shall take place for arrears of Land Revenue or other demand of Government, without the special sanction of the Sudder Board of Revenue, previously obtained in each several case of sale.

[The same as Section IV. of the present Act.]

VIII. And it is hereby enacted, that no claim to abatement or remission of Revenue unless the same shall have been allowed by the authority of Government, nor any private demand or cause of action whatever held, or supposed to be held, by any defaulter against Government shall bar a sale, or render a sale under this Act void or voidable; nor shall the plea that money belonging to the defaulter, and sufficient to pay the balance or part of it, was in the Collector's hands, bar a sale or render a sale under this Act void or voidable, unless such money stand in the defaulter's name alone and without dispute, and unless, after appli-

[The same as Section VII. of the present Act.]

[*Government Gazette*, 19*th September*, 1844.]

এবং ঐ তারিখ এইরূপে নিরূপণ হইবেক যে যে তারিখ অবধি এত্তেলানামা কালেক্টর সাহেবের অথবা পূর্ব্বোক্তমতে অন্য কার্য্যকারকের কাছারীতে লটকান গেল সেই তারিখের পর সম্পূর্ণ পনেরো দিনের কম না হয় ও ত্রিশ দিনের অধিক না হয়। এবং পশ্চাৎ লিখিত বিষয়ছাড়া টাকা দেওনের শেষ তারিখে সূর্য্যাস্তহওনের সময়ে যে সকল জমীদারীর নিমিত্ত কিছু বাকী টাকা বা দাওয়া পূর্ব্বোক্তমতে পাওনা থাকে সেই সকল জমীদারী নিশ্চয় নীলামকরণের নিরূপিত দিবসে অথবা পশ্চাৎ লিখিতমতে তৎপর দিবস বা দিবসসকলে কালেক্টর সাহেব অথবা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের দ্বারা এবং তাঁহার সাক্ষাৎ নীলামে ধরা যাইবেক এবং যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক। এবং টাকা দেওনের উক্ত শেষ তারিখে সূর্য্যাস্তের পর টাকা দেওয়া গেলে অথবা দিবার প্রস্তাব হইলে তাহাতে নীলামের সময়ে অথবা নীলাম হওনের পর ঐ নীলামের নিবারণ অথবা সেই নীলামের কিছু ব্যাঘাত হইবেক না ইতি।

[চলিত আইনের ১৭ ধারার সমান।]

৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনের ৫ ধারাক্রমে কোন জমীদারীর নিশ্চয় নীলামের এত্তেলা হইলে কালেক্টর সাহেব অথবা উক্ত মত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক আপন দফ্তরখানায় এবং তৎপরে যত শীঘ্র হইতে পারে যে মুনসেফের কাছারী ও পোলীসের থানার সীমার মধ্যে ঐ জমীদারী কি তাহার কোন অংশ থাকে তাঁহারদের কাছারীতে ও থানায় এবং ঐ জমীদারীর মালগুজারের কাছারীতে অথবা ঐ জমীদারীর মধ্যে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে ঐ জিলার চলিত ভাষায় লেখা এক ইশ্তিহারনামা লটকাইয়া দেওয়াইবেন। ঐ ইশ্তিহারনামাতে ঐ জমীদারীর রাইয়ত ও পাট্টাদার প্রজাদিগের প্রতি এই হুকুম হইবেক যে মালগুজারী দেওনের যে শেষ দিবস নিরূপণ হইয়াছে সেই দিবসের পরঅবধি তাহারা বাকীদার জমীদার বা জমীদারদিগকে তাহারা আর খাজানা না দেয় এবং ঐ তারিখের পর তাহারা যত খাজানা দেয় তাহা জমীদারীর ক্রেতার হিসাবে তাহারদের নামে জমা হইবেক না ইতি।

[চলিত আইনের ৪ ধারার সমান।]

৭ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ইস্তমরারী জমা যে২ জিলাতে ধার্য্য হয় নাহি সেই২ জিলায় এবং সুবে বারাণসে প্রত্যেক নীলামের বিষয়ে সদর বোর্ড রেবিনিউর বিশেষ অনুমতি পূর্ব্বে প্রাপ্ত না হওয়া গেলে ভূমির রাজস্বের বাকীর অথবা সরকারের অন্য দাওয়ার নিমিত্ত কোন নীলাম হইবেক না ইতি।

[চলিত আইনের ৭ ধারার সমান।]

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মালগুজারীর কমী বা মাফহওনের বিষয়ে যে কোন দাওয়া থাকে তাহা যদি সরকারের হুকুমানুসারে মঞ্জুর না হইয়া থাকে তবে ঐ দাওয়ার দ্বারা অথবা সরকারের স্থানে বাকীদারের কোন নিজ দাওয়ার দ্বারা কিম্বা সরকারের সহিত মোকদ্দমা করণের কোন কারণ বা অনুমান হওয়া কোন কারণের দ্বারা ঐ নীলাম নিবারণ হইতে পারিবেক না এবং তৎপ্রযুক্ত এই আইনানুসারে হওয়া নীলাম অসিদ্ধ হইবেক না কিম্বা অসিদ্ধ হইবার যোগ্য হইবেক না। এবং যাহাতে বাকীপড়া টাকা অথবা তাহার কোন ভাগ প্রচুরমতে পরিশোধ হইতে পারে এমত বাকীদারের টাকা কালেক্টর সাহেবের হাতে আছে এই ওজরে নীলাম নিবারণ হইতে পারিবেক না কিম্বা এই আইনানুসারে হওয়া নীলাম অসিদ্ধ বা অসিদ্ধ হইবার যোগ্য হইতে পারিবেক না। কিন্তু যদি ঐ টাকা বিনা বিরোধে কেবল বাকীদারের নামে লেখা থাকে এবং যদি বাকীদার উপযুক্ত সময়ের মধ্যে দরখাস্ত করিলে পর কালেক্টর সাহেব ঐ টাকা ঐ মহালের নামে জমা

cation in due time made by the defaulter, the Collector shall have neglected, or refused on insufficient grounds, to transfer it to the credit of the Estate.

IX. And it is hereby enacted, that Collectors shall, at any time before sunset of the *fixed day of payment*, receive as a deposit from any party not being a Proprietor of the Estate in arrear, the amount of the arrear of Revenue due from it, to be carried to the credit of the said Estate at sunset as aforesaid, unless before that time the arrear shall have been liquidated by a Proprietor of the Estate. And in case the party so depositing, whose money shall have been credited to the Estate in the manner aforesaid, shall be a plaintiff in a suit pending before a Court of Justice for the possession of the same, or any part thereof, it shall be competent to the Judge of the Zillah in which such Estate is situated, to order the said party to be put into temporary possession of the said Estate, subject to the rules in force for taking security in the cases of appellants and defendants. And if the party depositing, whose money shall have been credited as aforesaid, shall prove before a competent Civil Court that the deposit was made in order to protect an interest of the said party, which would have been endangered, or damaged by the sale of the Estate, he shall be entitled to recover the amount of the deposit with interest, from the Proprietors of the said Estate.

X. And it is hereby enacted, that no Estate shall be liable to sale for the recovery of arrears which have accrued during the period of its being under the management of the Court of Wards, and no Estate, the sole property of a minor or minors, and descended to him or them by the regular course of inheritance duly notified to the Collector for the information of the Court of Wards, but of which the Court of Wards has not assumed the management under Regulation VI. 1822, shall be sold for arrears of Revenue accruing subsequently to his or their succession to the same, until the minor or minors, or one of them, shall have attained the full age of 18 years. And no Estate held under attachment by the Revenue Authorities, otherwise than by order of a Judicial Authority, shall be liable to sale for arrears accruing whilst it was so held under attachment. And no Estate held under attachment by a Revenue Officer, in pursuance of an order of a Judicial Authority, shall be liable to sale for the recovery of arrears of Revenue accruing during the period of such attachment, until after the end of the year in which such arrears accrued.

XI. And it is hereby enacted, that it shall be competent to the Collector at any time before the sale of an Estate shall have commenced to exempt such Estate from sale; and in like manner it shall be competent to the Commissioner of Revenue at any time before the sale of an Estate shall have commenced, to exempt such Estate from sale, by a special order to the Collector to that effect in each case; and no sale of an Estate shall be legal if held

করিতে ত্রুটি করিয়াছিলেন অথবা অপ্রচুর কারণেতে তাহা অস্বীকার করিয়াছিলেন তবে তাহাতে নীলাম নিবারণ হইতে পারে এবং এই আইনক্রমে হওয়া নীলাম রদ হইতে বা রদ হইবার যোগ্য হইতে পারে ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জমা দাখিল করণের নিরূপিত দিবসের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে কোন সময়ে বাকীপড়া জমীদারীর মালিকব্যতিরিক্ত অন্য কোন ব্যক্তির স্থানে ঐ জমীদারীর বিষয়ে পাওনা মালগুজারীর বাকী টাকা কালেক্টর সাহেব আমানৎস্বরূপ লইতে পারেন এবং যদি সূর্য্যাস্তের পূর্ব্বে ঐ জমীদারীর মালিক ঐ বাকী টাকা পরিশোধ না করিয়া থাকে তবে ঐ আমানতী টাকা সূর্য্যাস্ত সময়ে ঐ জমীদারীর হিসাবে জমা করিবেন। এবং যে ব্যক্তির ঐ আমানৎকরা টাকা পূর্ব্বোক্তমতে জমীদারীর হিসাবে জমা করা যায় সেই ব্যক্তি যদি ঐ জমীদারী কি তাহার কোন অংশের দখল পাইবার নিমিত্ত দেওয়ানী আদালতে উপস্থিতথাকা কোন মোকদ্দমায় ফরিয়াদী হয় তবে যে জিলার মধ্যে ঐ জমীদারী থাকে তাহার জজ সাহেব আপেলাণ্ট ও আসামীর স্থানে জামিন লওনের চলিত বিধি বহাল রাখিয়া ঐ জমীদারী কিছু কালের নিমিত্ত উক্ত ব্যক্তিকে দখল দেওয়াইতে হুকুম করিতে পারেন। এবং যে ব্যক্তির ঐ আমানৎকরা টাকা পূর্ব্বোক্তমতে জমা করা গিয়া থাকে সে ব্যক্তি যদ্যপি কোন ক্ষমতাপন্ন দেওয়ানী আদালতে এমত প্রমাণ দিতে পারে যে ঐ জমীদারীতে আমার যে সম্পর্ক তাহা নীলামের দ্বারা বিঘ্ন বা ক্ষতি হইতে পারিত অতএব তাহা বজায় রাখিবার নিমিত্ত আমি টাকা আমানৎ করিয়াছি তবে সে ঐ আমানতী টাকা সুদসমেত ঐ জমীদারীর মালিকের স্থানে আদায় করিতে পারিবেক ইতি।

১০ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কোর্ট ওয়ার্ডসের সাহেবদিগের তাবে জমীদারী থাকন সময়ে যে মালগুজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্ত ঐ জমীদারী নীলামের যোগ্য হইবেক না। এবং যে জমীদারী এক কি ততোধিক নাবালকমাত্রেরি সম্পত্তি হয় এবং উত্তরাধিকারিত্বক্রমে তাহারি বা তাহারদেরি অর্শিয়াছে এবং তাহার বিষয় কোর্ট ওয়ার্ডসের বিজ্ঞাপনের নিমিত্ত কালেক্টর সাহেবকে জ্ঞাত করা গিয়াছিল কিন্তু ১৮২২ সালের ৬ আইনক্রমে কোর্ট ওয়ার্ডসের সাহেবেরা তাহার তত্ত্বাবধারণের ভার লন নাহি ঐ জমীদারী তাহার বা তাহারদের উত্তরাধিকারিত্বক্রমে হওনের পর তাহাতে যে মালগুজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্ত ঐ এক কি ততোধিক নাবালক কি তাহারদের কোন এক জন সম্পূর্ণ অষ্টাদশ বর্ষবয়স্ক না হওয়াপর্য্যন্ত বিক্রয় হইবেক না। এবং রাজস্বের কার্য্যকারকেরা আদালতের হুকুম ব্যতিরেকে অন্য কোন প্রকারে যে কোন জমীদারী ক্রোক করেন তাহা ক্রোক থাকন সময়ে বাকীপড়া মালগুজারীর নিমিত্ত নীলামের যোগ্য হইবেক না। এবং যে জমীদারী আদালতের হুকুমক্রমে রাজস্বের কার্য্যকারকের দ্বারা ক্রোক হইয়া থাকে তাহাতে ক্রোক থাকন সময়ে যে মালগুজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্ত যে বৎসরে ঐ বাকী পড়িল সেই বৎসরের শেষ না হইলে ঐ জমীদারী বিক্রয় হইবেক না ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন জমীদারীর নীলাম আরম্ভ হওনের পূর্ব্বে কোন সময়ে কালেক্টর সাহেব ঐ জমীদারীর নীলাম ক্ষমা করিতে পারেন। এবং সেই প্রকারে জমীদারীর নীলাম আরম্ভ হওনের পূর্ব্বে কোন সময়ে রাজস্বের কমিস্যনর সাহেব কালেক্টর সাহেবকে প্রত্যেক গতিকে বিশেষ আজ্ঞা দিয়া ঐ জমীদারীর নীলাম ক্ষমা করিতে পারেন। এবং কোন জমীদারীর বিষয়ে ক্ষমার হুকুম প্রাপ্তহওনের পর

after the receipt of an order of exemption in respect to such Estate. Provided, however, and it is hereby enacted, that the Collector or Commissioner shall duly record in a proceeding the reason for granting such exemption ; and provided also, that an order for exemption so issued by the Commissioner shall not affect the legality of a sale which may have taken place before the receipt by the Collector of the order for exempting it from sale.

XII. And it is hereby enacted, that sales shall ordinarily be made by the Collector or other Officer duly authorized by Government in that behalf in the Land Revenue Cutcherry at the Sudder Station of the District, provided, however, that it shall be competent to the Sudder Board to prescribe a place for holding sales other than such Cutcherry whenever they shall consider it beneficial to the parties concerned.

XIII. And it is hereby enacted, that in case the Collector, or other Officer as aforesaid shall be unable from sickness, from the occurrence of a holiday, or from any other cause, to commence the sale on the day of sale fixed as aforesaid, or if, having commenced it, he be unable, from any cause, to complete it, he shall be competent to adjourn it to the next day following, not being Sunday or other close holiday, recording his reasons for such adjournment, forwarding a copy of such record to the Commissioner of Revenue, and announcing the adjournment by a written proclamation stuck up in his Cutcherry, and so on, from day to day, until he shall be able to commence upon, or to complete the sale, but with the exception of adjournments so made, recorded, and reported, each sale shall invariably be made on the day of sale fixed in the manner aforesaid.

XIV. And it is hereby enacted, that on the day of sale fixed according to Section V. of this Act, sales shall proceed in regular order ; the Estate to be sold bearing the lowest number on the Towjee or Registers in use in the Collector's Office of the District being put up first, and so on, in regular sequence ; and it shall not be lawful for the Collector or other Officer as aforesaid to put up any Estate out of its regular order by number, *except where it may be necessary to do so on default of deposit, as provided in Section XV. of this Act.*

XV. And it is hereby enacted, that the party who shall be declared the purchaser of an Estate at any such public sale as aforesaid, shall be required to deposit immediately, or as soon after the conclusion of the sale *of the Estate* as the Collector may think necessary, either in Cash, Bank of Bengal Notes, or Post Bills, or Government Securities duly indorsed, 25 per cent. on the amount of his bid, and in default of such deposit, the Estate shall, forthwith, be put up again and sold.

XVI. And it is hereby enacted, that the full amount of purchase money shall be made good by the purchaser before sunset of the thirtieth day from that on which the sale of the Estate bought by him took place, reckoning that day as one of

[*Government Gazette, 10th September*, 1844.]

সেই জমীদারী নীলাম হইলে তাহা সিদ্ধ হইবেক না। কিন্তু এই ধারাক্রমে হুকুম হইল যে এইরূপ ক্ষমাকরণের কারণ কালেক্টর সাহেব অথবা কমিস্যনর সাহেব রীতিমত এক রুবকারীতে লিখিবেন। কিন্তু যদ্যপি নীলাম ক্ষমাকরণের ঐ হুকুম কালেক্টর সাহেবের নিকটে পঁহুছনের পূর্ব্বে নীলাম হইয়া গিয়া থাকে তবে কমিস্যনর সাহেব নীলাম ক্ষমার যে হুকুম পাঠাইয়াছিলেন তাহার দ্বারা ঐ নীলাম অসিদ্ধ হইবেক না ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কালেক্টর সাহেবের অথবা সরকারহইতে নীলামকরণের ক্ষমতা প্রাপ্ত অন্য কার্য্যকারকের দ্বারা জিলার সদর মোকামে ভূমির রাজস্বের কাছারীতে নীলাম সামান্যতঃ হইবেক কিন্তু যখন ভূমিসম্পর্কীয় ব্যক্তির পক্ষে উপকারক বোধ হয় তখন সদর বোর্ডের সাহেবেরা ঐ কাছারীভিন্ন অন্য কোন স্থানে নীলাম করণের হুকুম দিতে পারেন্ ইতি।

১৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে নীলামের নিরূপিত দিন উপস্থিত হইলে যদ্যপি কালেক্টর সাহেব কি উক্তমত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক পীড়া কি পর্ব্ব অথবা অন্য কোন কারণপ্রযুক্ত নীলাম আরম্ভ করিতে না পারেন্ কিম্বা আরম্ভ করিয়া যদ্যপি কোন কারণপ্রযুক্ত তাহা শেষ করিতে না পারেন্ তবে তাহার পর দিবস রবিবার না হইলে অথবা অন্য কোন পর্ব্বনিমিত্তক বন্দের দিন না হইলে পর দিনপর্য্যন্ত ঐ নীলাম বিলম্ব করিতে পারেন্। এবং এরূপ বিলম্বকরণের কারণ রুবকারীতে লিখিয়া তাহার নকল রেবিনিউর কমিস্যনর সাহেবের সমীপে পাঠাইবেন ও ঐ বিলম্ব করণের সমাচার ইশ্তিহারনামাতে লেখাইয়া আপন কাছারীতে লট্কাইয়া সকলকে জানাইবেন। এবং এই রূপে যেপর্য্যন্ত ঐ নীলাম আরম্ভ করিতে অথবা তাহা শেষ করিতে না পারেন্ সেইপর্য্যন্ত দিনদিন এ প্রকার কর্ম্ম করিবেন কিন্তু যদি এরূপে নীলাম বিলম্ব না হয় ও তাহা রুবকারীতে না লেখা যায় এবং তাহার সংবাদ না দেওয়া যায় তবে নীলামের উক্তমত নিরূপিত দিবসেই প্রত্যেক নীলাম নিয়ত হইবেক ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের ৫ ধারানুসারে নীলামের নিরূপিত দিনে নীলাম একাদিক্রমে হইবেক অর্থাৎ নীলাম করিতে নিশ্চয়হওয়া যে জমীদারী ঐ জিলার তৌজীতে অথবা কালেক্টর সাহেবের কাছারীতে ব্যবহৃত রেজিষ্টরের শেষ নম্বরে থাকে তাহা নীলামে প্রথম ধরা যাইবেক এবং ঐমতে একাদিক্রমে নীলাম হইবেক। এবং ঐ নম্বর অর্থাৎ সংখ্যার ক্রম ব্যতিক্রম করিয়া কোন জমীদারী নীলামে ধরিয়া দিতে কোন কালেক্টর সাহেবের কি উক্তমত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের ক্ষমতা নাহি কিন্তু এই আইনের ১৫ ধারার নিরূপিত বায়নার টাকা দিতে ত্রুটি হইলে কালেক্টর সাহেব সেই নম্বর ব্যতিক্রম করিয়া জমীদারী নীলামে ধরিতে পারেন্ ইতি।

১৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে জমীদারী নীলাম হইলে যে ব্যক্তি ঐ জমীদারীর খরীদার নির্দ্ধারিত হয় সেই ব্যক্তি তৎক্ষণাৎ অথবা জমীদারীর নীলাম শেষহওনের পর কালেক্টর সাহেব যত শীঘ্র আবশ্যক বোধ করেন্ তাহার মধ্যে আপন ডাকের সংখ্যার চতুর্থাংশ টাকা নগদ কি বাঙ্গাল ব্যাঙ্ক নোট অথবা ঐ ব্যাঙ্কের পোষ্ট বিল কিম্বা দাঁড়ামত দস্তখৎকরা কোম্পানির প্রোমিসরি নোট বায়নাস্বরূপ দিবেক এবং ঐ বায়নার টাকা না দিলে ঐ জমীদারী তৎক্ষণাৎ নীলামে ধরা গিয়া বিক্রয় হইবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ক্রেতা যে দিবসে জমীদারী খরীদ করে সেই দিবসের পর ত্রিংশত্তম দিন সূর্য্যাস্তের পূর্ব্বে তাহার মূল্যের সমুদয় টাকা ঐ খরীদারের দিতে হইবেক। এবং যে দিবসে নীলাম হইয়া থাকে তাহা ঐ ত্রিংশত্তম দিনের এক দিন গণ্য হই-

the thirty; or if the thirtieth day be a Sunday or other close holiday, then on the first office day after the thirtieth: and in default of payment within the prescribed period as aforesaid, then and afterwards as often as such default shall occur, the deposit shall be forfeited to Government, the Estate shall be re-sold, and the defaulting purchaser shall forfeit all claim to the Estate, or to any part of the sum for which it may subsequently be sold; and in the event of the proceeds of the sale which may be eventually consummated being less than the price bid by the defaulting bidder aforesaid, the difference shall be leviable from him by any process authorized for realizing an arrear of public Revenue, and it shall be so levied and credited to the defaulting Proprietor of the Estate sold; and if default of payment of purchase money shall have occurred more than once, the defaulting bidders shall be held jointly and severally responsible for such difference to the extent of the amount of their respective bids. Provided always, that every such re-sale shall be made after notification *in the form* prescribed by Section V. of this Act. *Provided also that no payment or tender of payment of the arrear for which the Estate was first sold shall bar a re-sale under this Section.*

XVII. And it is hereby enacted, that it shall be lawful for the Commissioner of Revenue to receive an appeal against any sale made under this Act if preferred to him on or before the fifteenth day from the date of sale, reckoning as in Section XVI. or if preferred to the Collector for transmission to the Commissioner on or before the tenth day from the day of sale, and not otherwise: and the Commissioner shall be competent in evey case of appeal so preferred, to annul any sale of an Estate made under this Act, which shall appear to him not to have been conducted according to the provisions of this Act, awarding at the same time to the purchaser a payment from the Proprietor of any moderate compensation for his loss, if the sale shall have been occasioned by neglect of the Proprietor, such compensation not to exceed interest, at the current rate of Government Securities, on the amount of deposit or balance of purchase money during the period of its being retained in the Collector's Office, and the order of the Commissioner shall, in such cases, be final.

[Section XVIII. of the present Act]

XVIII. And it is hereby enacted, that it shall be competent to the Commissioner of Revenue on the ground of hardship or injustice to suspend the passing of final orders in any case of appeal from a sale, and to represent the case to the Sudder Board of Revenue, who, if they see cause, may recommend to the Local Government to annul the sale; and the Local Government in any such case, may annul the sale and cause the Estate to be restored to the

[Section XIX of the present Act]

বেক। যদি ঐ ত্রিংশত্তম দিবস রবিবার বা অন্য কোন পর্ব্বনিমিত্তক বন্দের দিন হয় তবে ত্রিংশত্তম দিবসের পর যে প্রথম দিবসে কাছারীতে কার্য্য হয় সেই দিবসে সমুদয় টাকা দিতে হইবেক। এবং যদি পূর্ব্বোক্তমতে নিরূপিত দিবসে টাকা দিতে ত্রুটি করে তবে সেই সময়ে এবং তৎপরে যতবার ত্রুটি হয় ততবার বারনার টাকা সরকারে দণ্ডস্বরূপ লওয়া যাইবেক এবং ঐ জমীদারী পুনর্ব্বার নীলাম হইবেক এবং ত্রুটিকারী ক্রেতার ঐ জমীদারীর উপর অথবা পশ্চাৎ তাহা যত টাকায় বিক্রয় হয় তাহার কোন অংশের উপর কোন দাওয়া থাকিবেক না। এবং যে নীলাম শেষে সিদ্ধ হয় তাহাতে যদ্যপি পূর্ব্বোক্ত ত্রুটিকারী ডাকনিয়া যে মূল্যে ডাকিয়াছিল তাহাহইতে কম মূল্য হয় তবে যত কম হয় তাহা সরকারী মালগুজারী আদায়ের নিমিত্ত যেং হুকুম নির্দ্দিষ্ট আছে তাহার কোন এক হুকুমমতে তাহার স্থানে আদায় হইবেক এবং ঐ টাকা সেইরূপে আদায় হইয়া বিক্রয়হওয়া জমীদারীর বাকীদার মালিকের নামে জমা হইবেক এবং যদি এক বারের অধিক খরীদের টাকা দেওনে ত্রুটি হয় তবে ত্রুটিকারি ডাকনিয়ারা প্রত্যেক জন যত ডাকিয়াছিল তাহার সংখ্যাপর্য্যন্ত ঐ কমী টাকার বিষয়ে তাহারা সাধারণে এবং একেং দায়ী হইবেক। কিন্তু এইরূপ যতবার পুনর্নীলাম হয় ততবার এই আইনের ৫ ধারায় নিরূপিত প্রকার এত্তেলা হইলে পর ঐ নীলাম করা যাইবেক। কিন্তু যে বাকী টাকার নিমিত্ত জমীদারী প্রথম নীলাম হইয়াছিল সেই বাকী টাকা দেওয়া গেলে বা দেওনের প্রস্তাব হইলে এই ধারানুসারে ঐ জমীদারী পুনর্নীলাম হওনের ব্যাঘাত হইবেক না ইতি।

[চলিত আইনের ১৮ ধারার সমান।]

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে যে কোন নীলাম হয় তাহার উপর আপীল যদি রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে ১৬ ধারার অনুসারে হিসাব করিয়া নীলামের তারিখঅবধি পঞ্চাশৎ দিবসে বা তাহার পূর্ব্বে করা যায় অথবা যদ্যপি কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণহওনের নিমিত্ত নীলামের দিবসের পর দশম দিবসে বা তাহার পূর্ব্বে কালেক্টর সাহেবের নিকটে করা যায় তবে রাজস্বের কমিস্যনর সাহেব ঐ আপীল লইতে পারেন নতুবা লইতে পারেন না। এবং এইরূপে আপীল হইলে যদি কমিস্যনর সাহেব বোধ করেন যে এই আইনানুসারে হওয়া কোন জমীদারীর নীলাম এই আইনের বিধিমতে নির্ব্বাহ হয় নাই তবে সেই নীলাম রদ করিতে পারেন এবং যদি ভূম্যধিকারির ত্রুটিপ্রযুক্ত নীলাম হইয়া থাকে তবে খরীদারের ক্ষতিপূরণের নিমিত্ত তাহারে উপযুক্ত টাকা দিতে ভূম্যধিকারিকে হুকুম দিবেন। ঐ ক্ষতিপূরণের টাকা কালেক্টর সাহেবের কাছারীতে যে আমানতী টাকা কিম্বা খরীদের অবশিষ্ট টাকা যত কাল গচ্ছিত ছিল তাহার উপর গবর্ণমেণ্টের চলিত প্রোমিসরি নোটের সুদ অপেক্ষা অধিক হইবেক না। এবং এই মত গতিকে কমিস্যনর সাহেবের হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

[চলিত আইনের ১৯ ধারার সমান।]

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে রাজস্বের কমিস্যনর সাহেব যদ্যপি এইমত বোধ করেন যে নীলাম করণেতে অতিকঠিন ব্যবহার বা অন্যায় হইয়াছে তবে আপীলের চূড়ান্ত হুকুম দেওয়া স্থগিত রাখিতে পারেন এবং সেই বিষয় সদর বোর্ড রেবিনিউর সাহেবদিগকে জানাইতে পারেন এবং তাঁহারা উপযুক্ত কারণ দেখিলে তথাকার গবর্ণমেণ্টকে নীলাম অন্যথা করিতে পরামর্শ দিতে পারেন এবং তথাকার গবর্ণমেণ্ট এমত গতিকে ঐ নীলাম রহিত করিতে এবং যে নিয়ম তাঁহার যথার্থ

Proprietor on such conditions as may appear equitable and proper.

XIX. And it is hereby enacted, that all sales of which the purchase money has been paid up as prescribed in Section XVI. of this Act, and against which no appeal shall have been preferred, shall be final and conclusive at noon of the thirtieth day from the day of sale, reckoning the said day of sale as the first of the said thirty days. And sales against which an appeal may have been preferred, and the appeal dismissed by the Commissioner, shall be final and conclusive from the date of such dismissal, if more than thirty days from the day of sale, or if less, then at noon of the thirtieth day as above provided.

[Section XX of the present Act.]

XX. And it is hereby enacted, that immediately upon a sale becoming final and conclusive, the Collector or other officer as aforesaid, shall give to the purchaser a Certificate of Title in the following form :

[Section XXI. of the present Act.]

I certify that A. B. has purchased at Public Auction under Act Mehal C, and that his purchase has taken effect on and since the — day of —— (being the date *of the day after that fixed for the last day of payment.*)

(Signed) D. E. *Collector.*

And the said certificate shall be deemed in any Court of Justice sufficient evidence of the title to the Estate sold being vested in the person or persons named from the date specified : and the Collector shall also notify such transfer by written proclamation in his own Cutcherry, and in those of the Moonsiff and Darogah of the jurisdictions within which any part of the Estate sold shall be situated, and also at the Cutcherry of the Malgoozar of the Estate, or on some conspicuous place on the Estate ; and shall apply the purchase money first to the liquidation of all arrears due upon the *fixed day of payment* ; and secondly, to the liquidation of all outstanding demands debited to the Muhal in the Public accounts of the District, holding the residue, if any, in deposit on account of the late recorded Proprietor or Proprietors of the Estate sold, to be paid to their receipt on demand in the manner following : to wit, in shares proportioned to their recorded interest in the estate sold, if such distinction of shares were recorded, or if not, then as an aggregate sum to the whole body of proprietors upon their joint receipt. Povided that, if prior to payment of any surplus that may remain of the purchase money after liquidation of all Government arrears and dues to the Proprietor of the Estate sold, or his representative, the same may be claimed by creditors in satisfaction of debts due by him to them, or by any one creditor, such surplus shall not be payable to any such claimant, nor shall it be withheld from the Proprietor by attachment, except under precept,

[*Government Gazette*, 10*th September*, 1844.]

ও উচিত বোধ হয় সেই নিয়মে ঐ জমীদারী মালিককে ফিরিয়া দেওয়াইতে পারেন্ ইতি।

[চলিত আইনের ২০ ধারার সমান।]

১৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে সকল নীলামের খরীদের টাকা এই আইনের ১৬ ধারার নিরূপিতমতে দেওয়া গিয়াছে এবং তাহার উপর আপীলের কোন প্রস্তাব হয় নাই সেই সকল নীলাম নীলামের দিবসের পর ত্রিংশত্তম দিবস দুই প্রহরের সময়ে চূড়ান্ত ও সিদ্ধ হইবেক। ঐ নীলামের দিবস ত্রিংশত্তম দিবসের প্রথম দিবস গণ্য হইবেক। এবং যে নীলামের উপর আপীল হইয়াছে এবং ঐ আপীল কমিস্যানর সাহেবের দ্বারা ডিসমিস হইয়াছে যদি নীলামের দিবসের পর ত্রিশ দিবসের অধিক হইলে তাহা ডিসমিস হয় তবে ঐ ডিসমিসের তারিখঅবধি তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইবেক এবং যদি ত্রিশ দিবসের কমে ডিসমিস হয় তবে পূর্ব্বোক্তমতে ত্রিংশত্তম দিবস দুই প্রহরের সময়ে তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইবেক ইতি।

[চলিত আইনের ২১ ধারার সমান।]

২০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন নীলাম চূড়ান্ত এবং সিদ্ধ হইবামাত্র কালেক্টর সাহেব অথবা কালেক্টর সাহেবের ক্ষমতাপন্ন অন্য কোন কার্য্যকারক নীচের লিখিত পাঠানুসারে ক্রেতাকে অধিকারের সর্টিফিকট অর্থাৎ নিদর্শনপত্র দিবেন।

আমি অমুক জ্ঞাপন করি যে অমুক ব্যক্তি অমুক আইনক্রমে অমুক মহাল নীলামে খরীদ করিয়াছে এবং তাহার খরীদ অমুক মাসের অমুক তারিখঅবধি আমলে আসিবেক।—(অর্থাৎ টাকা দেওনের যে শেষ দিবস নিরূপণ হয় সেই দিবসের পর দিবসে।)

অমুক কালেক্টর।

এবং ঐ নির্দ্দিষ্ট তারিখঅবধি নিদর্শনপত্রের লিখিত ব্যক্তি বা ব্যক্তিরদের বিক্রয়হওয়া জমীদারীতে অধিকার হইয়াছে ইহার প্রচুর প্রমাণ সকল আদালতে উক্ত নিদর্শনপত্র জ্ঞান হইবেক। এবং কালেক্টর সাহেব ঐ জমীদারী খারিজ দাখিলহওনের কার্য্য এক লিখিত ইশ্তিহারের দ্বারা আপনার কাছারীতে এবং যে মুনসেফ ও দারোগার এলাকার মধ্যে বিক্রয়হওয়া জমীদারীর কোন ভাগ থাকে তাঁহারদের কাছারীতে এবং জমীদারীর মালগুজারের কাছারীতে অথবা জমীদারীতে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে প্রকাশ করিবেন। এবং মালগুজারী দাখিল করিবার নিরূপিত দিবসে যে সকল টাকা বাকী ছিল তাহা খরীদের টাকা লইয়া পরিশোধ করিবেন অথবা যদি পুনর্নীলামের দ্বারা ঐ নীলাম শেষে সম্পন্ন হয় তবে প্রথম নীলামের দিবসে যে টাকা বাকী ছিল তাহা পরিশোধ করিবেন। দ্বিতীয়তঃ ঐ জিলার সরকারী হিসাবে ঐ মহালের নামে যে সকল পাওনা লেখা থাকে তাহা পরিশোধ করিবেন। যদি কিছু টাকা অবশিষ্ট থাকে তবে তাহা বিক্রীত জমীদারীর রেজিষ্টরীহওয়া সাবেক মালিকের কি মালিকেরদের নামে আমানৎ রাখিবেন ও তাহারা দাওয়া করিলে তাহারদের রসীদদুষ্টে নীচের লিখিতমতে ঐ টাকা দিবেন অর্থাৎ যদ্যপি বিক্রীত জমীদারীর অংশ ভিন্ন২ লেখা গিয়া থাকে তবে ঐ লিখিত অংশমতে তাহারদিগকে টাকা দিবেন কিন্তু যদ্যপি তাহার প্রত্যেক অংশ ভিন্নরূপে না লেখা গিয়া থাকে তবে তাহারদের সকলের দস্তখৎকরা এক রসীদদুষ্টে মোট টাকা সমস্ত ভূম্যধিকারিকে দিবেন। কিন্তু সরকারের সমস্ত বাকী এবং পাওনা পরিশোধকরণের পর যদ্যপি খরীদের টাকার অবশিষ্ট যাহা থাকে তাহা বিক্রয়হওয়া মহালের মালিককে অথবা তাহার প্রতিনিধিকে দেওনের পূর্ব্বে মহাজনেরা অথবা কোন এক মহাজন ঐ মালিকের স্থানে আপনার পাওনা আছে বলিয়া তাহার দাওয়া করে তবে প্রিসেপ্ট অর্থাৎ আদালতের হুকুমভিন্ন এবং ঐ ঋণের বিষয়ে আদাল-

